# বাংলা কথাসাহিত্যে লোকায়ত ঐতিহ্যের অনুসন্ধান



সম্পাদনা
অর্ঘ্য ব্যানার্জ্জী
সেখ একরামুল হোসেন

Scanned with OKEN Scanner

# বাংলা কথাসাহিত্যে লোকায়ত ঐতিহ্যের অনুসন্ধান


বঙ্গীয় সাহিত্য সংসদ

E-mail : bangiyasahityasamsad@gmail.com
Website : www.bangiyasahityasamsad.com

9 789388 988773


Scanned with OKEN Scanner

# বাংলা কথাসাহিত্যে লোকায়ত ঐতিহ্যের অনুসন্ধান

সম্পাদনা
অর্ঘ্য ব্যানার্জ্জী
সেখ একরামুল হোসেন

বঙ্গীয় সাহিত্য সংসদ

Scanned with OKEN Scanner

BANGLA KATHASAHITYA LOKAYATO OITIJHER ANUSANDHAN
A Collection of Research Articles on Folk Tradition of Bengali fiction by Arghya Banerjee, Sk. Ekramul Hossain, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumder Street, Kolkata-700009. February, 2021 ₹ 900.00

© অর্ঘ্য ব্যানার্জ্জী

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

**প্রথম প্রকাশ**
ফেব্রুয়ারি, ২০২১

**প্রকাশক**
দেবাশিস ভট্টাচার্য
বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২, রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০ ০০৯

**প্রচ্ছদ**
অতনু গাঙ্গুলী

**বর্ণ সংস্থাপন**
প্রিণ্টম্যাক্স
ইছাপুর

**মুদ্রক**
স্টার লাইন
কলকাতা : ৭০০ ০০৬

ISBN : 978-93-88988-77-3

মূল্য : নশো টাকা

পরশুরামের নির্বাচিত গল্প : লোকায়ত উপাদান ও হাস্যরস ৫৩২ সঞ্চিতা বসু
উত্তর পূর্বাঞ্চলের বাংলা ছোটগল্পে লোকসংস্কার ও
লোকবিশ্বাস : একটি অধ্যয়ন ৫৪০ পাপড়ি বিশ্বাস
তারাশঙ্করের ছোটগল্পে লোকায়ত সংস্কৃতি ৫৪৮ বরুণ সীট
নলিনী বেরার ছোটগল্পে লোকায়ত উপাদান :
বহুকৌণিক বিশ্লেষণ ৫৫৬ দেবব্রত গায়েন
তারাশঙ্করের গল্পে ট্যাবু ৫৬২ পরমানন্দ দে
সৈকত রক্ষিতের গল্পে লোকজ উপাদান ৫৬৯ সুশান্ত মণ্ডল
অভিজিৎ সেনের নির্বাচিত পাঁচটি ছোটগল্প :
লোকজীবনের শিকড় সন্ধানে ৫৭৭ চঞ্চল দেবনাথ
শচীন দাশের ছোটগল্পে লোকায়ত উপাদান ৫৮৫ জহিরুল রহমান মণ্ডল
সুন্দরবন কেন্দ্রিক বাংলা ছোটগল্প : নোনামাটির
লোকায়ত জীবন ৫৯০ প্রহ্লাদ রায়
লোকায়ত অনুষঙ্গের আঙ্গিকে সুশীল জানার ছোটগল্প
(নির্বাচিত) ৫৯৯ মহঃ মহব্বত আলী
অনিল ঘড়াইয়ের গল্পে গ্রামজীবন ও লোকায়ত উপাদান ৬০৯ পিয়ালী দাস
আবুল বাশারের ছোটগল্পে মুর্শিদাবাদের লোকজীবন ৬১৭ প্রিয়াঙ্কা প্রধান
লোকায়ত ভাবনার আলোকে রামকুমার মুখোপাধ্যায়ের
ছোটগল্প ৬২২ জয়া ধীবর
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প (নির্বাচিত)
: লোকায়ত উপাদান ৬২৯ সেখ আজাহারউদ্দিন

## তৃতীয় পর্ব : কথাসাহিত্য

লোকঐতিহ্য ও বনফুল ৬৩৭ মানস মজুমদার
শওকত আলীর কথাসাহিত্য : লোকজীবনের প্রতিভাস ৬৪৫ তপন রায়
আখতারুজ্জামান ইলিয়াসের কথাসাহিত্যে অপভাষা
: রুগ্‌ণতার প্রাতিস্বিকমাত্রা ৬৬৫ চন্দন আনোয়ার
লৌকিক পরিমাপ পদ্ধতি ও বাংলা কথাসাহিত্যে এই
পদ্ধতির প্রয়োগ ৬৭৬ সুশান্ত মণ্ডল
শরৎ সাহিত্যে লোকায়ত উপাদান ৬৮২ নিরুপম আচার্য
সৈয়দ মুস্তাফা সিরাজের কথাসাহিত্যে মুর্শিদাবাদের
আঞ্চলিক প্রবাদ-প্রবচনের প্রয়োগ বৈচিত্র্য ৬৮৯ মিন্টু নস্কর
রবীন্দ্র কথাসাহিত্যে রূপকথার অনুষঙ্গ ৭০০ চঞ্চল কুমার মণ্ডল
লেখক পরিচিতি ৭০৮

Scanned with OKEN Scanner

# সৈয়দ মুস্তাফা সিরাজের কথাসাহিত্যে মুর্শিদাবাদের আঞ্চলিক প্রবাদ-প্রবচনের প্রয়োগ বৈচিত্র্য

মিন্টু নস্কর

বিশ শতকের পাঁচের দশক থেকে বাংলা সাহিত্য যখন ক্রমশ তার শিকড় থেকে আলাদা হচ্ছিল, নগরজীবনের কথা ঢেকে দিতে শুরু করেছিল বৃহত্তর গ্রাম-ভারতবর্ষকে, সেই শিকড়চ্যুত বাংলা সাহিত্যে এই দেশের মাটি ও মানুষের ঘ্রাণ নিয়ে এসেছিলেন সৈয়দ মুস্তাফা সিরাজ। যথার্থই বলেছিলেন তাঁর সমসাময়িক আরেক প্রখ্যাত সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়—

> 'আমরা যে বয়সে কফি হাউসে বসে সাহিত্যে আঙ্গিকের তর্কে টেবিল চাপড়াচ্ছি, তখন সিরাজ মুর্শিদাবাদে আলকাপের দলে গান বাঁধছেন, গ্রামে-গ্রামে ঘুরছেন। অর্থাৎ তিনি ছিলেন বাস্তব জীবনের মধ্যে নিবিড়ভাবে ছড়িয়ে, আমাদের মধ্যে ছিল খানিকটা ফাঁপা বাস্তবতা।'[১]

মুর্শিদাবাদ জেলার রাঢ় অঞ্চলের অজ পাড়া-গাঁ খোসবাসপুরে তাঁর জন্ম ও বড়ো হয়ে ওঠা। দ্বারকা-ময়ূরাক্ষী-ভাগীরথী-অজয় নদী তীরবর্তী আদিগন্ত মাঠ, তৃণভূমি, হিজলের জলা-জঙ্গল সমৃদ্ধ উদার মুক্ত প্রেক্ষাপট ছেলেবেলা থেকেই সিরাজকে আকর্ষণ করেছে, আহ্বান করেছে বোহেমিয়ান জীবনে। আশৈশব স্কুল পালানো সিরাজ সেই প্রাকৃতিক পাঠশালায় পেয়েছিলেন জীবনের প্রথম পাঠ। ছোটোবেলা থেকেই দেখেছেন বন্ধুর প্রকৃতির মধ্যে বাস করা দুর্ধর্ষ হিংস্র মানুষদের যাদের দু-চোখে ছিল হত্যার নেশা, আদিম স্বাধীনতাবোধের দুর্দম আবেগ। প্রকৃতির মধ্যে থাকা অবাধ স্বাধীনতার স্বাদ তাঁকে ঘরের চার দেওয়ালের মধ্যে বেঁধে ফেলতে পারেনি। পরিণত বয়সে তাই বোহেমিয়ান জীবনের অদম্য আকর্ষণে হাতে একটা বাঁশের বাঁশি নিয়ে ঘর ছেড়েছিলেন। ভারতীয় গণনাট্য সংঘের উৎসাহে যোগ দিয়েছিলেন মুর্শিদাবাদের জনপ্রিয় লোকনাট্য আলকাপের দলে। এরপর দীর্ঘ সাত বছর 'খুব কম করে ধরলে আড়াই হাজার দিন আড়াই হাজার রাত।'[২] আলকাপের দল নিয়ে ঘুরে বেড়িয়েছেন মুর্শিদাবাদ, বীরভূম, বর্ধমান, সাঁওতাল পরগনার বিস্তীর্ণ অঞ্চলে। প্রবেশ করেছেন লোকায়ত সংস্কৃতি এবং গ্রামীণ মিথের সুপরিচিত জগতে। আসলে আলকাপের সূত্রেই গ্রামীণ জীবন-সংস্কৃতির সঙ্গে তিনি গভীরভাবে পরিচিত হয়ে উঠেছিলেন। তাই তাঁর অধিকাংশ রচনার আখ্যান নির্মাণে লোকায়ত সংস্কৃতির প্রভাব খুব স্পষ্টভাবে আমাদের চোখে পড়ে। লোক-উপাদানকে কখনো সরাসরি আখ্যানের কেন্দ্রবিন্দুতে স্থাপন করে আবার কখনো টুকরো টুকরো একাধিক লোক-উপাদানের প্রয়োগ বৈচিত্র্যে কাহিনিতে তিনি এনেছেন গ্রামীণ জীবন-সংস্কৃতির প্রত্যক্ষ অভিজ্ঞান। বাংলা আঞ্চলিক কথাসাহিত্যের ধারায় সিরাজ তাই স্পষ্টতই এক